

॥ আনন্দ সংবাদ ॥

বসে আঁকো প্রতিযোগিতা

স্থান : রবীন্দ্র শত বার্ষিকী ভবনের ১ নং হল
তারিখ : ১১-০১-২০২২ ইংরেজী সন
সময় : সকাল ১০.৩০ ঘটিকা

ত্রিপুরা পুলিশ সপ্তাহ ২০২২ ইং উদযাপন উপলক্ষে আগামী ১১ই জানুয়ারী ২০২২ ইং (মঙ্গলবার) ত্রিপুরা পুলিশের উদ্যোগে একটি 'বসে আঁকো' প্রতিযোগিতার আয়োজন করা হইয়াছে। ইচ্ছুক প্রতিযোগীগণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, প্রতিযোগীগণ অথবা তাদের অভিভাবকেরা এই প্রতিযোগিতায় অংশ গ্রহণের ইচ্ছা প্রকাশ করিয়া আগামী ৬ই জানুয়ারী হইতে ৯ই জানুয়ারী ২০২২ ইং তারিখ পর্যন্ত যে কোনোও দিন অনলাইনে নাম নথীভুক্ত করাইতে পারিবেন। প্রতিযোগিতার দিন সকাল বেলা রবীন্দ্রভবন প্রাঙ্গণে কোন নাম নথীভুক্ত করানো যাবে না। প্রতিযোগিতা শুরুর সময় ১১ই জানুয়ারী ২০২২ ইং সকাল ১০.৩০ ঘটিকায়। প্রথম ও তৃতীয় বিভাগের প্রতিযোগীদের রবীন্দ্র শত বার্ষিকী ভবনে বসার ব্যবস্থা করা হইয়াছে। দ্বিতীয় বিভাগের প্রতিযোগীরা দুর্গাবাড়ীর নাট মন্দিরে 'বসে আঁকো' তে অংশ গ্রহণ করিবে। কোভিড বিধির কারণে সামাজিক দূরত্ব বজায় রাখার জন্য এই ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

প্রতিযোগীদের শ্রেণী বিভাগের বিবরণ

প্রথম বিভাগ : প্রাক প্রাথমিক, প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ শ্রেণীতে পড়ুয়া ছাত্র ছাত্রীগণ।
দ্বিতীয় বিভাগ : পঞ্চম, ষষ্ঠ সপ্তম ও অষ্টম, শ্রেণীতে পড়ুয়া ছাত্র ছাত্রীগণ।
তৃতীয় বিভাগ : নবম, দশম, একাদশ ও দ্বাদশ শ্রেণীতে পড়ুয়া ছাত্র ছাত্রীগণ।

অঙ্কনের বিষয় প্রতিযোগিতার সময় জানাইয়া দেওয়া হইবে।

প্রতিটি বিভাগের জন্য আছে চারটি করে আকর্ষণীয় পুরস্কার ও প্রশংসা পত্র।

বিশেষ দ্রষ্টব্য :- ১) উদ্যোক্তাদের পক্ষে কেবলমাএ অঙ্কন পত্র দেওয়া হইবে।
২) প্রতিযোগীগণকে নিজ নিজ অঙ্কন সামগ্রী লইয়া আসিতে হইবে।
৩) কোভিড অতিমারীর কারণে এইবার প্রতিযোগীর সংখ্যা সীমিত রাখিবার সিদ্ধান্ত নেওয়া হইয়াছে।

নাম শুধু অনলাইনে প্রথমে আসা প্রথমে নিশ্চিন্তি পদ্ধতিতে নথীভুক্ত করানো যাইবে। প্রথম বিভাগে শুধু ৩০০ জন প্রতিযোগী, দ্বিতীয় বিভাগে ২০০ জন প্রতিযোগী এবং তৃতীয় বিভাগে শুধুমাত্র ১০০ জন প্রতিযোগী অনলাইনে নাম নথীভুক্ত করাইতে পারিবেন।

অনলাইন লিঙ্ক www.tripurapolice.gov.in

&

http://www.pegasustripura.com/tripura_police_drawing_competition_2022/

যোগাযোগ-৯৪০২৩০৩১০০

৯০০৫২৪৪৪৯১

আম্ভাবলস্থিত ট্রাফিক অফিসে

'বহুজন হিতায়'

সুপারিনটেনডেন্ট অব পুলিশ (ট্রাফিক)

ত্রিপুরা, আগরতলা।

Please click the below link:-

http://www.pegasustripura.com/tripura_police_drawing_competition_2022/